# আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১০৫৮

২৫/ অসীয়াত (كتاب الوصية)

পরিচ্ছেদঃ ২৫/৫. ঐ ব্যক্তির অসীয়াত পরিত্যাগ করা যার কোন কিছু নেই যা সে অসিয়াত করবে।

ترك الوصية لمن ليس له شيء يوصي فيه

## আরবী

حديث عَائِشَةَ، عَنِ الأَسْوَدِ، قَالَ: ذَكَرُوا عِنْدَ عَائِشَةَ أَنَّ عَلِيًّا رضي الله عنه كَانَ وَصِيًّا فَقَالَتْ: مَتَى أَوْصَى إِلَيْهِ وَقَدْ كُنْتُ مُسْنِدَتَهُ إِلَى صَدْرِي، أَوْ قَالَتْ: حَجْرِي، فَدَعَا بِالطَّسْتِ، فَلَقَدِ انْخَنَثَ فِي حَجْرِي فَمَا شَعَرْتُ أَنَّهُ قَدْ مَاتَ، فَمَتَى أَوْصَى إِلَيْهِ

## বাংলা

১০৫৮. আসওয়াদ (রহঃ) হতে বর্ণিত। সাহাবীগণ আয়িশাহ (রাঃ)-এর নিকট আলোচনা করলেন যে, ’আলী (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ওয়াসী ছিলেন। আয়িশাহ (রাঃ) বললেন, তিনি কখন তাঁর প্রতি অসীয়াত করলেন? অথচ আমি তো আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আমার বুকে অথবা বলেছেন আমার কোলে হেলান দিয়ে রেখেছিলাম। তখন তিনি পানির তস্তুরি চাইলেন, অতঃপর আমার কোলে ঢলে পড়লেন। আমি বুঝতেই পারিনি যে, তিনি ইনতিকাল করেছেন। অতএব তাঁর প্রতি কখন অসীয়াত করলেন?

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫৫ : ওয়াসিত, অধ্যায় ১, হাঃ ২৭৪১; মুসলিম, পর্ব ২৫: অসীয়াত, অধ্যায় ৫, হাঃ ১৬৩৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আসওয়াদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=84286

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন